স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৪ ও জুন, ২০১৫

বাংলা (Bengali)

সহায়ক পাঠক্রম (Subsidiary)

দ্বিতীয় পত্র [(S-2) SBG-II : Chhando, Alonkar O Kabya-Kabita]

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) উদাহরণসহ দলবৃত্ত বা শ্বাসাঘাত প্রধান রীতির ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করুন।

(খ) কবি কৃত্তিবাসের 'অরণ্যকাণ্ড'-এ 'খর-দূষণের যুদ্ধ' এবং 'রাবণের সঙ্গে জটায়ুর যুদ্ধ' ভিন্ন পরিবেশ ও

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

পটভূমিকায় আপন স্বাতন্ত্র্যে উজ্জ্বল — আলোচনা করুন।

(গ) 'মেঘনাদ বধ' কাব্যের ষষ্ঠ সর্গে মধুসূদনের ভাষা, ছন্দ ও অলংকার ব্যবহারের নৈপুণ্য কীভাবে কাব্যসৌন্দর্য সৃষ্টির সহায়ক হয়েছে সংক্ষেপে তা আলোচনা করুন।

(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনারতরী' কবিতাটির কাব্যসুষমা বিশ্লেষণ করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) বাংলা ছন্দোবন্ধের 'পয়ার' সম্পর্কে একটি সংক্ষিপ্ত প্রবন্ধ রচনা করুন।

(খ) যমক অলংকারের সংজ্ঞা দিন। উদাহরণসহ যমক অলংকারের শ্রেণীবিভাগগুলি নির্দেশ করুন।

(গ) উদাহরণসহ সংজ্ঞার্থ লিখুন (যে কোন তিনটি) :

বক্রোক্তি, সাঙ্গরূপক, বাচ্যোৎপ্রেক্ষা, ব্যতিরেক, ব্যাজস্তুতি।

(ঘ) বিদ্যাপতির প্রার্থনা পদটির সারসংক্ষেপ উল্লেখ করে পদটির কাব্যসৌন্দর্যের মূল্যায়ন করুন।

(ঙ) বিংশ শতাব্দীর প্রথমার্ধের আধুনিক কবিতার রূপগত বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে বর্ণনা করুন।

(চ) 'নারী' কবিতায় নজরুল নারীর অধিকার প্রতিষ্ঠার দাবী উচ্চকন্ঠে ঘোষণা করেছেন — কবিতাটি অবলম্বনে সংক্ষেপে উক্তিটির সত্যতা বিচার করুন।

(ছ) 'মেঘনাদ বধ' কাব্যের ষষ্ঠ সর্গ অবলম্বনে বিভীষণের চরিত্রটি ব্যাখ্যা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) পর্বাঙ্গ আর উপপর্বের পার্থক্য বুঝিয়ে দিন।

(খ) 'চতুর্দশপদী' কথাটির অর্থ কি ? একটি কবিতার 'চতুর্দশপদী' হবার জন্য কী কী শর্ত প্রয়োজন তার উল্লেখ করুন।

(গ) ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করুন : ২ × ৩ = ৬

(অ) কষিত কনক কান্তি কমনীয় কায়

(আ) মধুহীন করো নাগো তব মনঃকোকনদে

(ই) আনিয়াছি ছুরি তীক্ষ্ণদীপ্ত প্রভাতরশ্মি সম।

(ঘ) ''নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে

পুলক-মুকুল অবলম্ব।''

— কোন্ পর্যায়ের পদ ? কার লেখা ? তাকে 'মহাজন কবি' বলা হয় কেন আলোচনা করুন। ১ + ১ + ৪

(ঙ) 'অরণ্যকাণ্ড' অবলম্বনে দণ্ডকারণ্যের বর্ণনা দিন।

(চ) Elegy বা শোককাব্য সম্পর্কে আলোচনা করুন।

(ছ) ''নাহি কাজ, মিত্রবর, সীতায় উদ্ধারি'' — কার উক্তি ? 'মিত্রবর' কে ? বক্তার এ ধরনের উক্তির কারণ ব্যাখ্যা করুন।

(জ) 'ত্রয়ী' মহাকাব্যের রচয়িতা কে ? সাল সহ কাব্যগুলির নামোল্লেখ করুন।

(ঝ) ''হাজার বছর ধরে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে''

— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটি ব্যাখ্যা করুন।